

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৯০১.৩০.৩৬৮.১৭/ ৩৬৫৭

তারিখ: ০২ অগ্রহায়ন ১৪২৪  
২৬ নভেম্বর ২০১৭

বিষয় : ল্যাপটপ বিতরণ প্রসঙ্গে।

সূত্র : ১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০৫ নভেম্বর ২০১৭ তারিখের পত্র নম্বর ৩৮.০১০.০১৪.০৮.০০.০৮৬.২০১৬-৬২।  
২) অর্থ ও সংগ্রহ বিভাগের ১৫ নভেম্বর ২০১৭ তারিখের ইউও নোট নম্বর ৩৮.১৫১.১৮০.০০৭.১৪৮.০০.০২.৪৪৭.২০১৭-৬৫০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর আওতায় প্যাকেজ নম্বর জিডি ৫০৫ (লট নম্বর ৩, ৪, ৬, ৭ ও ৮) এর অধীনে ক্রয়কৃত ল্যাপটপসমূহ বিদ্যালয় পর্যায়ে বিতরণের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অনুকূলে ল্যাপটপ বরাদ্দের তালিকা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। তা এতদসঙ্গে সংযুক্ত করা হলো। এফক্ষে, নিম্নবর্ণিত ছক অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক ল্যাপটপ বিতরণের বিষয়টি সার্বিকভাবে সমন্বয় করবেন।

ক্রমিক নং	বিভাগের নাম	ল্যাপটপসমূহ সংরক্ষণের অফিস	ল্যাপটপের সংখ্যা	প্রথম পর্যায়ে বিতরণের সংখ্যা
১.	খুলনা	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা	২৬৪৯	২০৫২
২.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, যশোর	২৫৬০	২০৭৯
৩.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুষ্টিয়া	১২০১	৯১৫
৪.	ঢাকা	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ময়মনসিংহ	৩২৯৪	২৮০৬
৫.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, টাঙ্গাইল	২১৮৫	১৭০৬
৬.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মুন্সিগঞ্জ	৮৪২	৪৬৭
৭.	বরিশাল	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পটুয়াখালী	১৫৬৬	১১১৯
৮.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, বরিশাল	৩২৮২	১৭১৯
৯.	সিলেট	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট	৩৮৫৫	২৬৭৫
১০.	চট্টগ্রাম	জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চট্টগ্রাম	২০৬২	১৯১৫
১১.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কক্সবাজার	৫৭৪	৪০০
১২.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, কুমিল্লা	৩৫১৫	২৪৪০
১৩.		জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ফেনী	১২৯১	১০৯৬

২। তালিকা অনুযায়ী প্রত্যেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ সংশ্লিষ্ট ভেন্যু হতে ল্যাপটপ গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারগণের নিকট হস্তান্তর করবেন। বিতরণের জন্য তালিকাভুক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ উপজেলা শিক্ষা অফিসারের নিকট হতে ল্যাপটপসমূহ গ্রহণ করবেন। উপজেলা শিক্ষা অফিসারগণ তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট বিদ্যালয়ে বরাদ্দকৃত ল্যাপটপের সিরিয়াল নম্বর সংগ্রহপূর্বক জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট দাখিল করবেন।

৩। সংশ্লিষ্ট প্রত্যেক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ল্যাপটপ বিতরণের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করবেন। সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণ সমন্বিত প্রতিবেদন মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

সংযুক্তি: অনুমোদিত বিদ্যালয়ের তালিকা (পাতা.. ২৬৫৭)

মোঃ রমজান আলী  
অতিরিক্ত মহাপরিচালক (অতি. সচিব)

ও

সিস্টেম ম্যানেজার (অতি. দায়িত্ব)

বিতরণঃ

বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, .....

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। পরিচালক (প্রশাসন/অর্থ ও সংগ্রহ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা: .....

৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। অফিস কপি।